



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ/০২ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৩৯-আইন/২০২৩/১৯৩/কাস্টমস।—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এর sub-section (1) এবং (2), Third Schedule এর item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালায়—

(১) বিধি ১৫ এর উপ-বিধি (৫) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ঘ) কাস্টমস এজেন্টের ইচ্ছাকৃত কার্য, অবহেলা অথবা ত্রুটির কারণে কোনো শুল্ক অনারোপিত থাকিলে বা কম আরোপিত হইলে অথবা প্রতারণা বা ইচ্ছাকৃত বিভ্রান্তির (willful misleading) কারণে শুল্ক ফেরত প্রদানের পরিশ্রেক্ষিতে কোনো মামলার উদ্ভব হইলে বা সরকারি পাওনা বকেয়া থাকিলে।”;

(২) বিধি ১৯ এর দফা (খ) এর উপ-দফা (আ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (আ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

(১০৬৫৯)

মূল্য : টাকা ৪.০০

“(আ) লাইসেন্সিং কর্তৃপক্ষ দফা (ক) অনুযায়ী আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে মনোনীত উত্তরাধিকারীর ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত বিবেচনায় বৈধ উত্তরাধিকারীর অনুকূলে লাইসেন্স হস্তান্তর করিতে পারিবে:”;

(৩) বিধি ২৩ এর উপ-বিধি (১) এর দফা (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ঞ) কাস্টমস এজেন্টের ইচ্ছাকৃত কার্য, অবহেলা অথবা ত্রুটির কারণে কোনো শুল্ক অনারোপিত থাকিলে বা কম আরোপিত হইলে অথবা প্রতারণা বা ইচ্ছাকৃত বিভ্রান্তির (willful misleading) কারণে শুল্ক ফেরত প্রদান করা হইলে;”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।